

কনডম লভ্যতা কর্মসূচি (কনডম অ্যাভেইলেবিলিটি প্রোগ্রাম, CAP) বিষয়ে পিতামাতা/অভিভাবকের বরাবর বিজ্ঞপ্তির চিঠি

প্রিয় নতুন ভর্তি হওয়া হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতা, অভিভাবক বা প্রযত্ন-প্রদানকারীগণ:

স্বাস্থ্য শিক্ষা যা দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণের শিক্ষা দেয়, তা শিক্ষার্থীদেরকে স্কুলে ও জীবনে অধিক ফলপ্রসূ হতে সক্রিয় করে। শিক্ষার্থীরা যে স্বাস্থ্য শিক্ষা লাভ করে সেটার সম্পূর্ণক হিসেবে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর HIV/AIDS শিক্ষা কর্মসূচি পাবলিক হাই স্কুলগুলোতে একটি কনডম লভ্যতা কর্মসূচি (কনডম অ্যাভেইলেবিলিটি প্রোগ্রাম, CAP) আবশ্যিক করে যা স্বাস্থ্য শিক্ষার (হেলথ এডুকেশন) ক্লাসরুমের ভেতরে ও বাহিরে শিক্ষার্থীদের সিদ্ধান্ত গ্রহণ জোরদার করতে সহায়তা করতে পারে। স্টেটের আইন অনুযায়ী, CAP-এর মাধ্যমে, 9-12 গ্রেডের শিক্ষার্থীরা প্রশিক্ষিত স্টাফের কাছ থেকে বিনামূল্যে কনডম, চিকিৎসাশাস্ত্র অনুযায়ী সঠিক তথ্য, এবং চিকিৎসাগত সুপারিশ লাভের অনুরোধ জানাতে পারবে।

পিতামাতা, অভিভাবক বা তত্ত্বাবধানকারী হিসেবে, আপনার বয়ঃসন্ধি সন্তানকে যাতে কনডম না দেয়া হয়, সে ব্যাপারে আপনি স্কুলে অনুরোধ জানাতে পারেন। পাবলিক হেলথ আইন § 2504 অনুসারে আপনার উল্লেখিত অনুরোধগুলো জানানোর অধিকার নেই, যদি আপনার সন্তান 1) 18 বা এরচেয়ে বেশি বয়সী হয়; 2) বিবাহিত রয়েছে কিংবা বর্তমানে বিয়ে করেছে; 3) একজন পিতা বা মাতা, এবং/অথবা 4) তার নিজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের আইনি অধিকার রয়েছে।

আপনার সন্তানকে যেন CAP-এর মাধ্যমে কনডম না দেয়া হয়, তবে আপনাকে অবশ্যই উল্লেখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করে একটি চিঠি দিতে হবে:

- শিক্ষার্থীর পুরো নাম
- শিক্ষার্থীর গ্রেড
- শিক্ষার্থীর আইডেন্টিফিকেশন (পরিচিতি) নম্বর (দ্রষ্টব্য: আপনার এসব তথ্য না থাকলে আপনাকে আমরা দিতে পারবো)
- নিম্নলিখিত বিবৃতি: “ _____ (Full name of student) should not receive condoms through the Condom Availability Program.” (_____ (শিক্ষার্থীর পুরো নাম) কনডম লভ্যতা কর্মসূচির মাধ্যমে কনডম লাভ না করা উচিত নয়।) ”
- পিতামাতা, অভিভাবক, বা প্রযত্ন-প্রদানকারী হিসেবে আপনার স্বাক্ষর

আপনি যদি মত পরিবর্তন করেন এবং সিদ্ধান্ত নেন যে আপনার সন্তান বিনামূল্যে কনডম অনুরোধ করতে পারে, তাহলে শিক্ষা বছরের যেকোনো সময় আমার কাছে একটি চিঠি দিতে পারেন। CAP প্রশিক্ষিত সকল স্টাফ শিক্ষার্থীদের গোপনীয়তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, এতে যেসব শিক্ষার্থী কর্মসূচিতে অংশগ্রহণ করছে না তারাও অন্তর্ভুক্ত।

কিশোর-কিশোরীকে ইতিবাচক স্বাস্থ্যগত সিদ্ধান্ত নিতে সর্বোত্তম সহায়তা দিতে আমরা আপনাকে বাড়িতে যৌন স্বাস্থ্য ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে উৎসাহিত করছি। নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীরা যেন নিজেদের মূল্য দেয়, সুস্থ বোধ করে, এবং বিকশিত হতে সক্ষম হয়, সেজন্যে সহায়তা দিতে আমাদের সাথে একযোগে কাজ করার জন্য ধন্যবাদ।

আন্তরিকভাবে,

প্রিন্সিপাল